



ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স পিএলসি এর ১৫তম আইসিএমএবি (15th ICMAB) বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড প্রাপ্তি।

২০২৩-২৪ সালের বার্ষিক প্রতিবেদনের জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের (বিপিসি)-এর অঙ্গ প্রতিষ্ঠান ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স পিএলসি মর্যাদাপূর্ণ '১৫তম আইসিএমএবি বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড -এ সিলভার অ্যাওয়ার্ড লাভ করেছে। গত ১৭ ডিসেম্বর, ২০২৫ তারিখে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র) আয়োজিত এক অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়।

প্রতিষ্ঠানটি ২০২৩-২৪ সালের সেরা বার্ষিক প্রতিবেদনের জন্য (Annual Report 2023-24) 'তেল, গ্যাস ও জ্বালানি' ক্যাটাগরিতে এই বিশেষ স্বীকৃতি অর্জন করেছে। বার্ষিক প্রতিবেদনে স্বচ্ছতা, আর্থিক তথ্যের নির্ভুলতা এবং আন্তর্জাতিক মান বজায় রাখার ফলস্বরূপ এই অর্জন। ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স পিএলসি-এর পক্ষে পুরস্কারটি গ্রহণ করেন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোহাম্মদ শহীদুল আলম।

ইনস্টিটিউট অব কন্সট্রাক্শন ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) প্রতিবছর কর্পোরেট সুশাসন ও স্বচ্ছতা উৎসাহিত করতে এই পুরস্কার প্রদান করে। এই গৌরবময় অর্জন জ্বালানি খাতে ইস্টার্ন লুব্রিকেন্টস-এর স্বচ্ছতা ও পেশাদারিত্বের প্রমাণ বহন করে।